

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 27-10-24**

**Desk in Charge :**

**Time : 7-35A.M**

**Compiling :**

**Opening Announcement –**

আকাশবাণী /খেলার খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ—

- ১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বনগাঁর পেট্রোপোল স্থলবন্দরে নতুন যাত্রী টার্মিনাল ও মৈত্রী দ্বারের উদ্বোধন করবেন।
- ২/ রাজ্য বিজেপির সদস্য সংগ্রহ অভিযান আজ শুরু হচ্ছে।
- ৩/ প্রধানমন্ত্রী আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশবিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- ৪/ আবাস যোজনার সমীক্ষার সময় তথ্য যাচাই-এর ক্ষেত্রে ছাড় দেওয়া হবে পরিযায়ী শ্রমিকদের।
- ৫/ ঘূর্ণিঝড় দানার প্রভাব এরাজ্যে তেমন না পড়লেও ঝোড়ো হাওয়া ও প্রবল বর্ষণে প্রায় ২৫ হাজার হেক্টের জমির ফসল নষ্ট হয়েছে বলে প্রাথমিক সমীক্ষায় উঠে এসেছে।
- ৬/ RG Kar হাসপাতালে নির্যাতিতার জন্য ন্যায় বিচারের দাবীতে জুনিয়ার ডাক্তাররা ফের আন্দোলনে নামছেন। # ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডট্টার্স ফ্রন্টের’ পাল্টা সংগঠনের আত্মপ্রকাশ।
- ৭/ নিম্নচাপ দুর্বল হয়ে পড়ায় আগামী কয়েকদিন রাজ্যে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়া দণ্ড।

\*\*\*\*\*

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতরাতে একদিনের সফরে রাজ্য এসেছেন। রাত সাড়ে এগারোটা নাগাদ তিনি দমদম বিমানবন্দরে নামেন। বিজেপি রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাকে স্বাগত জানান। প্রাক্তন বিজেপি সভাপতি দিলিপ ঘোষ, রাহুল সিনহা সহ বিজেপি বিধায়ক, নেতারা বিমানবন্দরে উপস্থিত ছিলেন। নিউটাউনে একটি বেসরকারি হোটেলে শ্রী শাহ রাত্রিবাস করেন। আজ সকালে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বনগাঁর পেট্রোপোলে স্থলবন্দরে নতুন যাত্রী টার্মিনাল ও মৈত্রী দ্বারের উদ্বোধন করবেন। এরপর ভুগলির আরামবাগে একটি অনুষ্ঠানে তিনি যোগ দেবেন। বিকেলে সল্টলেকের EZCC তে দলীয় অনুষ্ঠানে তাঁর অংশ নেবার কথা। শ্রী শাহ আজই দিন্নি ফিরে যাবেন।

\*\*\*\*\*

রাজ্যে বিজেপি-র সদস্য সংগ্রহ অভিযান আগামীকাল শুরু হচ্ছে। দলের অন্যতম শীর্ষ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-এর উপস্থিতিতে এই অভিযানের সূচনা হবে বলে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন।

(বাইট- সুকান্ত)

গতকাল মালদার কালিয়াচকে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, রাজ্য সরকার জুনিয়ার ডাক্তারদের আন্দোলনকে সবরকমভাবে নষ্ট করার চেষ্টা করছে। পুলিশ থেকে শুরু করে মেডিকেল কলেজ পর্যন্ত রাজ্যজুড়ে ভূমকির সংস্কৃতি রয়েছে বলেও মন্তব্য করেন তিনি। বিজেপির সদস্যতা অভিযানকে কটাক্ষ করেছেন ত্রুটি মূল কংগ্রেস মুখ্যপাত্র কুণাল ঘোষ।

( বাইট- কুণাল )

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। বেলা ১১ টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত।

এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপ্লিকেশন সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান। হিন্দিতে সম্প্রচারের পরই শোনা যাবে আংগুলিক ভাষায় এর তর্জমা। তর্জমাটি পুনঃপ্রচারিত হবে রাত আটটায়।

\*\*\*\*\*

আবাস যোজনার সমীক্ষার সময় তথ্য যাচাইয়ের ক্ষেত্রে পরিযায়ী শ্রমিকদের ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। কাজের সূত্রে যারা বাইরে থাকেন, তাদের পরিবারের যেকোনো সদস্য তথ্য যাচাইয়ের সময় উপস্থিত থাকলেই বাড়ি তৈরির প্রথম পর্যায়ের অর্থ দেওয়া হবে। দ্বিতীয় পর্যায়ের অর্থ প্রদানের আগে সমীক্ষার সময় সংশ্লিষ্ট ব্যক্তিকে বাধ্যতামূলক সশরীরে উপস্থিত থাকতে হবে।

উপনির্বাচনের কারণে, ৫টি জেলা বাদে বাকি সব জেলায় আবাস যোজনার চূড়ান্ত পর্যায়ের সমীক্ষা শুরু হয়েছে।

\*\*\*\*\*

রাজ্য তামাকজাত পান মশলা ও গুটখা বিক্রির ওপর ফের নিষেধাজ্ঞা জারি হচ্ছে। আগামী ৭ই নভেম্বর থেকে এই নিষেধাজ্ঞা বলবত করার কথা ঘোষণা করেছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর। এই মর্মে জারি হয়েছে নির্দেশিকাও।

উল্লেখ্য, ২০১৯ সালে শেষবার এই ধরণের তামাকজাত দ্রব্য বিক্রয়ের ওপর নিষেধাজ্ঞা জারি হয় রাজ্য সচিবালয় নবান্নের তরফে।

\*\*\*\*\*

রাজ্য সরকার পুলিশ কর্মী ও আধিকারিকদের জন্য সুষ্ঠু বদলি নীতি তৈরি করেছে। কনস্টেবল থেকে সাব ইনস্পেক্টার পদমর্যাদার পুলিশ কর্মী ও আধিকারিকরা অনলাইনে বদলি সংক্রান্ত আবেদন জানতে পারবেন। এজন্য নির্দিষ্ট একটি পোর্টাল তৈরি করা হচ্ছে। আবেদন করা যাবে বছরে একবার, শুধুমাত্র ডিসেম্বর মাসে। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এসংক্রান্ত একটি নির্দেশিকা ইতমধ্যেই জেলাগুলিতে পাঠিয়েছে। পুলিশ সুপারের কাছে আসা ১০ দিনের মধ্যে তিনি মতামত

জানাবেন। মহিলা কনস্টেবলরা ৮ বছর এবং পুলিশ পুরুষ কনস্টেবলরা ১৫ বছর চাকরির পর নিজের জেলায় বদলির আবেদন করতে পারবেন।

অন্যদিকে, সাব্ ইনস্পেক্টর ও অ্যাসিস্ট্যান্ট সাব্ ইনস্পেক্টররা নিজের জেলায় বদলির আবেদন করতে পারবেন অবসরের চার বছর আগে।

\*\*\*\*\*

ঘূর্ণিঝড় দানার প্রকোপ এরাজ্য তেমন না পড়লেও ঝোড়ো হাওয়া এবং প্রবল বর্ষণে ফসলের ক্ষয়ক্ষতি হয়েছে। পূর্ব মেদিনীপুর, হাওড়া ও ভুগলি থেকে শস্য হানির খবর মিলেছে। তিন জেলা মিলিয়ে প্রায় ২৫ হাজার হেক্টের জমির ফসল দুর্ঘাগের কারণে নষ্ট হয়েছে বলে কৃষি দফতরের প্রথমিক সমীক্ষায় উঠে এসেছে। এর মধ্যে শুধুমাত্র পূর্ব মেদিনীপুর জেলাতেই ২০ হাজার হেক্টের জমির ফসল নষ্ট হয়েছে। এর মধ্যে ১৭ হাজার হেক্টের জমিতে আমন ধানের চাষ হয়েছিল। এছাড়াও ৩০০০ হেক্টের জমিতে থাকা ফুল, সজি এবং পান চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষয়ক্ষতির এই প্রাথমিক রিপোর্ট রাজ্য কৃষি দফতরকে পাঠানো হয়েছে।

অনেক জায়গায় মাছের ভেড়ি, পুকুর ভেসে গিয়েছে। গ্রামীণ রাস্তা পুরোপুরি জলের তলায়। ভুগলী জেলা জুড়ে প্রায় বারোশ' হেক্টের জমির সবজিতে ধানের বীজতলা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে।

হাওড়া জেলাতেও গ্রামীণ এলাকায় চাষবাসের প্রভূত ক্ষতি হয়েছে। পুজোর মুখে বন্যার জলে চাশের জমি নষ্ট হয়েছিল। সাম্প্রতিক দুর্ঘাগ শীতকালীন সবজি চাষেও প্রভাব ফেলতে পারে বলে মনে করা হচ্ছে। বাগনান, দেউলটি সহ ফুল চাষের জন্য বিখ্যাত এলাকাগুলিতেও জল জমে ফসল পচে গেছে। এর ফলে কালীপুজোতেও ফুলের দাম বাড়তে পারে। পাশাপাশি অনিশ্চিত হয়ে পড়েছে মরসুমি ফুলের চাষ'ও।

\*\*\*\*\*

ভাঙনে জেরবার মুর্শিদাবাদের সামশেরগঞ্জ। জুলাই মাস থেকে এপর্যন্ত তিনশতাধিক পরিবার ভিটে ছাড়া। গঙ্গা গর্ভে তলিয়েছে তাদের ঘরবাড়ি চাষের জমি। শুক্রবার মধ্যরাত থেকে ফের শুরু হয়েছে ভাঙন। একটি প্রতিবেদন-

## ( ভিসি- মামুন )

টানা বৃষ্টিতে নদীয়ার নৃসিংহপুর ঘাট সংলগ্ন এলাকায় যাতায়াতের রাস্তা ভাগীরথীর গর্ভে তলিয়ে গেছে। স্থানীয় চৌধুরী পাড়া, তেওয়ারি চর সহ কয়েকটি গ্রামের যাতায়াতের অন্যতম এই রাস্তাটি ধ্বসে যাওয়ায় বিপাকে পড়েছে তারা। গঙ্গা ভাঙ্গনের দ্রুত স্থায়ী সমাধান চাইছেন গ্রামবাসীরা।

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণা-দু'নম্বর বন্দকের ধান্যকাটি থেকে রাইল্যা যাবার গুরুত্বপূর্ণ রাস্তাটি জলে ডুবে যাওয়ায় পার্শ্ববর্তী গ্রামগুলির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন। ক্ষতিগ্রস্ত হয়েছে ফসল। আনন্দপুর থানার কুড়ুরিয়া, আমকান্দা, বসন্তপুর, পাঁচখুরি, গ্রাম জলমগ্ন। চন্দ্রকোণা-মেদিনীপুর রাজ্য সড়কের কুড়ুরিয়া এলাকায় জল ওঠায় সমস্যায় সাধারণ যাত্রীরা।

\*\*\*\*\*

নিম্নচাপ দুর্বল হয়ে পড়ায় আগামী কয়েক দিন ভারী ধরণের বৃষ্টির কোন সম্ভাবনা নেই। এই সময়ের স্বাভাবিক নিয়মেই রাজ্যের কয়েকটি জায়গায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কলকাতা ও সংলগ্ন এলাকাতেও কোথাও কোথাও হালকা বৃষ্টিপাত হবে।

\*\*\*\*\*

RG KAR হাসপাতালে গত ৯ই আগস্টের নারকীয় ঘটনায়, অভয়ার জন্য 'ন্যায় বিচারে'র দাবিতে আগামী ৯ নভেম্বর জুনিয়র ডাক্তাররা ফের পথে নামতে চলেছেন। 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট'র ডাকে গতকাল RG KAR-এ আয়োজিত গণকনভেনশনে জুনিয়র ডাক্তার দেবাশীষ হালদার একথা জানান। তিনি বলেন, আগামী ৯ই নভেম্বর, অভয়ার মৃত্যুর ৩ মাস হবে। সেই দিনই জুনিয়র ডাক্তাররা রাজ্য জুড়ে আবার পথে নামবে। তিনি বলেন, অনশন কর্মসূচি তুলে নেওয়া হলেও আন্দোলন চলবে। এবং তার তীব্রতাও বাঢ়বে। গণকনভেনশনে চিকিৎসক ছাড়াও সমাজের বিভিন্ন স্তরের মানুষ যোগ দেন।

জুনিয়র ডাক্তার কিঞ্জল নন্দ বলেন, দীর্ঘদিন আরজি করে গনতান্ত্রিক পরিবেশ ছিল না। মানুষ সত্য ও ন্যায়ের দিকে থাকবেন, না খেট কালচারের পক্ষে থাকবেন সেই

প্রশ্ন তোলেন তিনি। জুনিয়র ডাক্তার ও R G করের RDA প্রেসিডেন্ট ডাক্তার অনিকেত মাহাত বলেন, R G করে যে অচলায়তন চলত এই আন্দোলন তা ভেঙে ফেলতে পেরেছে। কনভেনশন থেকে আয়োজন করা হয় মশাল মিছিলের।

অন্যদিকে, এরই মধ্যে ‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস অ্যাসোসিয়েশন’ নামে পাল্টা সংগঠন তৈরি করেছে জুনিয়র ডাক্তারদের অন্য একটি অংশ। কলকাতা প্রেস ক্লাবে গতকাল সাংবাদিক সম্মেলনে একথা ঘোষণা করা হয়। RG KAR-এর ঘটনার পর কিছু মানুষ রাজনৈতিক স্বার্থে স্বাস্থ্য পরিষেবাকে ব্যবহার করেছে এবং পঠনপাঠনে বাধা সৃষ্টি করেছে বলে অভিযোগ তুলেছে এই সংগঠনের সদস্যরা।

এই সংগঠন প্রসঙ্গে জুনিয়র ডাক্তার অনিকেত মাহাতো বলেন, যাদের বিরুদ্ধে ভূমকি সংস্কৃতি চালানোর অভিযোগ, তারাই এখন সংগঠন শুরু করছে।

\*\*\*\*\*

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে হায়দ্রাবাদ এফসি ৪-০ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে। এই হারের ফলে মহামেডান ৬ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে দ্বাদশ স্থানে নেমে গেলো।

\*\*\*\*\*

ভুটানের থিম্পু চাংলিমিথাং ষ্টেডিয়ামে এএফসি চ্যালেঞ্জ লীগ ফুটবলে গ্রুপ এ-র ম্যাচে গতকাল ইস্টবেঙ্গল ও ভুটানের পারো এফ সি-র মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়। ইস্টবেঙ্গলের পক্ষে মাদি তালাল ও দিয়ামাস্টাকস এবং পারো এফ সি-র উইলিয়াম ওপোকু ও ইভান্স আসান্তে গোল করেছেন।

আগামী মঙ্গলবার থিম্পুতে ইস্টবেঙ্গল পরবর্তী ম্যাচে বাংলাদেশের বসুন্ধরা কিংসের বিরুদ্ধে খেলবে।

\*\*\*\*\*